



বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)
প্রধান কার্যালয়, ঢাকা।



erecruitment.bb.org.bd

বিজ্ঞপ্তি নং-৯২/২০২১

তারিখ : ০৬ পৌষ, ১৪২৮
২১ ডিসেম্বর, ২০২১

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ এ 'নিরাপত্তা কর্মকর্তা' পদে নিয়োগের
উদ্দেশ্যে অনুষ্ঠেয় লিখিত পরীক্ষার আসন বিন্যাস ও সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ এ ৯ম ফ্রেডের ১১ ক্যাটাগরির পদে নিয়োগের লক্ষ্যে প্রকাশিত বিজ্ঞপ্তি নং- ৬১/২০১৯, তারিখ-২২/১২/২০১৯ এর সূত্রে 'নিরাপত্তা কর্মকর্তা' পদে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মধ্য হতে ইতোপূর্বে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট হতে প্রবেশপত্র ডাউনলোডকারী এবং বিভাগীয় ম্যানুয়াল আবেদনকারী প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ০৮/০১/২০২২ তারিখ শনিবার দুপুর ০২ঃ৩০টা হতে ০৪ঃ৩০টা পর্যন্ত নিম্নোক্ত কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবেঃ

ক্র. নং	পরীক্ষার কেন্দ্র	ঠিকানা	রোল নম্বর	প্রার্থী সংখ্যা
১.	লালমাটিয়া উচ্চ বালিকা বিদ্যালয়	৯/১৫, ব্লক-ডি, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।	২৭০০০২ -- ২৭৩২৮৯	২০০০
২.	খিলগাঁও গার্লস স্কুল এন্ড কলেজ	খিলগাঁও, ঢাকা-১২১৯।	২৭৩২৯০ -- ২৭৬৮৮৫	২২০০
৩.	সেন্ট্রাল উইমেন্স কলেজ	১৩/২, অভয় দাস লেন, টিকাটুলি, ঢাকা-১২০৩।	২৭৬৮৮৭ -- ২৮১৭৮৭	৩০০০
৪.	আনোয়ারা বেগম মুসলিম বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ	১৩ নাজিমউদ্দিন রোড, ঢাকা-১১০০।	২৮১৭৮৮ -- ২৮৫৬৩৪	২৪০০
৫.	ফজলুল হক মহিলা কলেজ	১২ অক্ষয় দাস লেন, গেভারিয়া, ঢাকা-১২০৪।	২৮৫৬৩৫ -- ২৯০১৩৫	২৭৬৭
সর্বমোট				১২,৩৬৭

- উক্ত পদের বিভাগীয় ম্যানুয়াল আবেদনকারী প্রার্থীদের প্রবেশপত্র এসপিসিবিএলের প্রশাসন বিভাগ হতে ০২/০১/২০২২ তারিখ থেকে সংগ্রহ করা যাবে।
- ইতোপূর্বে প্রবেশপত্র ডাউনলোডকারী প্রার্থীগণ আগামী ০২/০১/২০২২ তারিখ থেকে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট হতে ডুপ্লিকেট প্রবেশপত্র ডাউনলোড করার সুযোগ পাবেন। নতুনভাবে কোনো প্রার্থীকে প্রবেশপত্র ইস্যু করা হবে না।
- প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।
- প্রার্থীকে ০৬(ছয়) ডিজিটের পূর্ণাঙ্গ রোল নম্বর যথাযথভাবে মিলিয়ে পরীক্ষার কক্ষে প্রবেশ করার পরামর্শ প্রদান করা হলো।
- পরীক্ষার কেন্দ্রে কোনো কাগজ, বই, মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্টওয়াচ, সব ধরনের ইলেক্ট্রনিক ডিভাইস, ক্রেডিট ও ডেবিট কার্ড, ক্রেডিট ও ডেবিট কার্ড সদৃশ কোনো ডিভাইস, গহনা, ব্রেসলেট, মানিব্যাগ/ওয়ালেট ও ব্যাগ আনা সম্পূর্ণ নিষিদ্ধ।
- প্রয়োজনীয় চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ০১(এক) ঘন্টা পূর্বে প্রার্থীদেরকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষা শুরু হওয়ার পর কোনো অবস্থাতেই কোনো প্রার্থীকে কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।
- পরীক্ষা চলাকালীন সময়ে প্রার্থীরা কানের ওপর কোনো আবরণ রাখতে পারবেন না, উভয় কান দৃশ্যমান রাখতে হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- প্রার্থীদেরকে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে। মাস্ক পরিধান ব্যতিরেকে কোনো প্রার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না।

স্বাক্ষরিত/-

(মোঃ গোলাম মোস্তফা)

মহাব্যবস্থাপক